

**ঢাবি ফার্সি ও উর্দু বিভাগের
 ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস!**

বিধবিন্যাসের রিপোর্টার

ঢাকা কলেজ ইনস্টিটিউটের পর এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্সি ও উর্দু বিভাগের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে।

জানা যায় ফার্সি ও উর্দু বিভাগে ভর্তিচ্ছুদের বিভাগের সিনিয়র ছাত্ররা মডেল টেস্ট দেয়ার নামে গত কয়েক দিন আগে প্রশ্নপত্র ফাঁস করে। গত মঙ্গলবার ভর্তিচ্ছু এক ছাত্রীকে চতুর্থবর্ষের ছাত্র বাহাউদ্দিন কর্তৃক সীলতাহানির চেষ্টার ঘটনা অনুসন্ধান করতে গিয়ে প্রশ্নপত্র ফাঁসের এ তথ্য বেরিয়ে আসে। সে পরীক্ষার প্রশ্নপত্র বলে দেয়ার নাম করে এই ছাত্রীকে ডেকে এনে কলাভবনের তৃতীয়তলায় একটি কক্ষে সীলতাহানির চেষ্টা চালিয়েছিল। ছাত্রীটির বাবা বিভাগীয় চেয়ারম্যানের কাছে পতকাল টেলিফোনে এ অভিযোগ করেন। অবশ্য বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক জাফর আহমদ প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ নাকচ করে দিয়েছেন। আর মেয়েটির পক্ষ থেকে লিখিত অভিযোগ দায়ের না হওয়ায় এ ব্যাপারে বিভাগীয় শিক্ষকরা কোন আগ্রহ দেখাননি। আজ পরীক্ষা অনুষ্ঠিত হবে।